জেলা পরিষদ
নারায়ণগঞ্জ

স্মারক নং-জেঃপঃ/নাঃগঞ্জ/প্রকৌঃ/১৪/২০২২-২০২৩/ ৩৮ তারিখঃ ০৭-০৪-২০২৫ খ্রি.

বিষয়: নারায়ণগঞ্জ জেলা পরিষদের ২০১৯-২০, ২০২১-২২, ২০২২-২৩ অর্থবছরের এডিপি (সাধারন) তহবিলের বিপরীতে পরিবর্তিত প্রকল্পের/স্কীমের প্রশাসনিক অনুমোদন সংক্রান্ত।

সূত্র : জেঃপঃ/নাঃগঞ্জ ৫০সাঃপ্রঃ/২০২১-২০২২/২৬৮

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নারায়ণগঞ্জ জেলা পরিষদের ২০১৯-২০, ২০২১-২২, ২০২২-২৩ অর্থবছরের এডিপি (সাধারন) তহবিলের আওতায় ২০১৯-২০ অর্থবছরে ৬,০০,০০০/- টাকা, ২০২১-২২ অর্থবছরে ৭৪,৯০,০০০/- টাকা এবং ২০২২-২৩ অর্থবছরে ৯০,০০,০০০/- টাকা মোট ১,৭০,৯০,০০০/- টাকার (এক কোটি সত্তর লক্ষ নব্বই হাজার টাকার) এডিপি বরাদ্দ অদ্যবধি বাস্তবায়িত হয়নি। ১৪/১০/২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত জেলা পরিষদের ১ম উন্নয়ন ও সমন্বয় কমিটির সভায় ১,২২,৯০,০০০/-টাকার (এক কোটি বাইশ লক্ষ নব্বই হাজার টাকার) এডিপি বরাদ্দের বিপরীতে গৃহীত ০৭ টি প্রকল্পের কার্যাদেশ বাতিল করা হয়। পাশাপাশি ২০২১-২২ অর্থবছরে এডিপি তহবিলের আওতায় গৃহীত "বন্দর উপজেলাধীন কলাগাছিয়া ইউনিয়নের নিজাম উদ্দিন কারিগরি কলেজের" উন্নয়নের জন্য বরাদ্দকৃত ৪৮,০০,০০০/- টাকার প্রকল্পটি বাতিলপূর্বক "বন্দর উপজেলাধীন নাগিনা জোহা উচ্চ বিদ্যালয়ের উন্নয়ন" শীর্ষক প্রকল্পটি গ্রহনের বিষয়ে জেলা পরিষদের ০৩/০৪/২০২৩খ্রিঃ তারিখের সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে প্রকল্পটি প্রশাসনিক অনুমোদনের জন্য ২৩/০৫/২০২৪ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগে প্রেরন করা হলেও অদ্যবধি অনুমোদন না পাওয়ায় প্রকল্পটি পরিবর্তন করে তদস্থলে নতুন প্রকল্প গ্রহনপূর্বক স্থানীয় সরকার বিভাগের অনুমোদন গ্রহণের লক্ষ্যে প্রেরনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এ লক্ষ্যে এ সংক্রান্ত জেলা কমিটি কর্তৃক ২০১৯-২০, ২০২১-২২, ২০২২-২৩ অর্থবছরে ১,৭০,৯০,০০০/- টাকার (এক কোটি সত্তর লক্ষ নব্বই হাজার টাকার) এডিপি (সাধারন) বরাদ্দের বিপরীতে পরিবর্তিত প্রকল্প গ্রহনের লক্ষ্যে নারায়ণগঞ্জ জেলার সাধারণ জনগণের আবেদনের প্রেক্ষিতে ১২টি প্রকল্পের/স্কীমের একটি তালিকা প্রনয়ণ করা হয়েছে। প্রকল্পসমূহ ১৬/০৩/২০২৫ তারিখের জেলা পরিষদের ৬ষ্ঠ উন্নয়ন ও সমন্বয় সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং তা অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, নারায়ণগঞ্জ জেলা পরিষদের ২০১৯-২০,২০২১-২২,২০২২-২৩ অর্থবছরের এডিপি তহবিলের আওতায় মোট ১,৭০,৯০,০০০/- টাকা (এক কোটি সত্তর লক্ষ নব্বই হাজার টাকার) প্রাক্কলিত ব্যয়ে গৃহীত ১২টি প্রকল্প/স্কীম বাস্তবায়নের নিমিত্ত প্রশাসনিক অনুমোদন প্রদানের জন্য সবিনয় অনুরোধসহ সভার কার্যবিবরণী, প্রকল্প তালিকা ও প্রাক্কলনসমূহ এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত ১। জেলা পরিষদের ৬ষ্ঠ উন্নয়ন ও সমন্বয় সভার কার্যবিবরণী ০১ (এক) সেট)।
২। প্রকল্প তালিকা ০১ (এক) সেট।
৩। ৫.০০ (পাঁচ লক্ষ) টাকার উর্ধ্বের প্রকল্পসমূহের প্রাক্কলন ১০ (দশ) সেট।

৭/৪/২৫
(হোসনে আরা বেগম)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, নারায়ণগঞ্জ
Email:zpnarayanganj@gmail.com

স্থানীয় সরকার বিভাগ, ঢাকা
গ্রহণ ও প্রেরণ শাখা
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

দৃঃ আঃ উপ-সচিব (জেলা পরিষদ শাখা)
স্থানীয় সরকার বিভাগ

অনুলিপি: সদয় অবগতির জন্য-

১। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা বিভাগ, ঢাকা;
২। প্রশাসক, জেলা পরিষদ, নারায়ণগঞ্জ এবং
৩। অফিস কপি।

CamScanner
CamScanner

## নারায়ণগঞ্জ জেলা পরিষদের ১৬- ০৩ - ২০২৫ তারিখের উন্নয়ন ও সমন্বয় সভায় ২০২২-২০২৩, ২০২০-২০২১ ও ২০১৯-২০২০ অর্থবছরের এডিপি তহবিলের দ্বারা গৃহীত পরিবর্তিত প্রকল্পের তালিকা

| ক্রমিক নং | উপজেলা | প্রকল্পের নাম | প্রাক্কলিত ব্যয় | বাস্তবায়ন পদ্ধতি | প্রকল্পের সুপারিশকারী | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | সদর | সদর উপজেলাধীন উপজেলা পরিষদ জামে মসজিদের নিচ তলায় এসি স্থাপন। | ১,০০০,০০০.০০ | টেন্ডার | উপজেলা নির্বাহী অফিসার, সদর | ঐচ্ছিক |
| ২ | সদর | সদর উপজেলাধীন রামকৃষ্ণ মিশন আশ্রম এর অসমাপ্ত কাজ সমাপ্ত করন। | ৭৫০,০০০.০০ | টেন্ডার | পরিষদের সিদ্ধান্ত | ঐচ্ছিক |
| ৩ | সদর | সদর উপজেলাধীন এলজিইডি নারায়ণগঞ্জ এর অফিস ক্যাম্পাসে মসজিদ পুনঃনির্মাণ। | ২,৫০০,০০০.০০ | টেন্ডার | ঐ | ঐচ্ছিক |
| ৪ | সদর | সদর উপজেলাধীন জেলা পরিষদের গাড়ীর গ্যারেজ ও ড্রাইভার শেড সংস্কার। | ৮৪০,০০০.০০ | টেন্ডার | ঐ | ঐচ্ছিক |
| ৫ | সদর | সদর উপজেলাধীন চাষাড়াস্থ সাধু পৌলের গীর্জা প্রাঙ্গণে পানীয় জলের জন্য একটি গভীর নলকূপ স্থাপন। | ৫০০,০০০.০০ | টেন্ডার | ঐ | ঐচ্ছিক |
| ৬ | সদর | সদর উপজেলাধীন নারায়ণগঞ্জ জেলা পরিষদ ভবনের সিসি ক্যামেরা, ইন্টারকম ও সভা কক্ষের সাউন্ড সিস্টেম স্থাপন। | ১,০০০,০০০.০০ | টেন্ডার | ঐ | ঐচ্ছিক |
| ৭ | সদর | সদর উপজেলাধীন ফতুল্লা থানাস্থ, এনায়েতনগর ইউনিয়নের মুসলিমনগর হাজী আঃ কাদের-কাজী আঃ মজিদ উচ্চ বিদ্যালয় এর ওয়াশরুম নির্মাণ। | ৩০০,০০০.০০ | সিপিপিসি | ঐ | ঐচ্ছিক |
| ৮ | সদর | সদর উপজেলাধীন জালকুড়ি পশ্চিম পাড়া বিশ্ব রোড পাওয়ার হাউজ হইতে ডাঃ আব্দুর ছালামের বাড়ি পর্যন্ত ড্রেনসহ আরসিসি রাস্তা নির্মাণ। | ২,৪০০,০০০.০০ | টেন্ডার | ঐ | বাধ্যতামূলক |
| ৯ | সোনারগাঁ | সোনারগাঁ উপজেলাধীন পানাম নগরী এলাকায় পানাম গেট স্থাপন। | ২,০০০,০০০.০০ | টেন্ডার | ঐ | ঐচ্ছিক |
| ১০ | রূপগঞ্জ | রূপগঞ্জ উপজেলাধীন ভুলতা ইউনিয়নের পাড়াগাঁও গ্রামের ক্যানাল থেকে কবরস্থান এবং মুইরাব গ্রাম পর্যন্ত সড়ক আরসিসিকরন। | ৩,৮০০,০০০.০০ | টেন্ডার | ঐ | বাধ্যতামূলক |

হোসনে আরা বেগম
নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, নারায়ণগঞ্জ।

মোহাম্মদ জাহিদুল ইসলাম মিঞা
প্রশাসক
জেলা পরিষদ, নারায়ণগঞ্জ



CamScanner

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১১ | রূপগঞ্জ | রূপগঞ্জ উপজেলাধীন উত্তরপাড়া পবনকুল আল আবরার জামে মসজিদের উন্নয়ন। | ১,০০০,০০০.০০ | টেন্ডার | ঐ | ঐচ্ছিক |
| ১২ | রূপগঞ্জ | রূপগঞ্জ উপজেলাধীন দীঘিবরাব ,তারাব নুরুল উলুম মাদানী মাদ্রাসার উন্নয়ন। | ১,০০০,০০০.০০ | টেন্ডার | ঐ | ঐচ্ছিক |
| | | এডিপি সর্ব মোট: | ১৭,০৯০,০০০.০০ | (এক কোটি সত্তর লক্ষ নব্বই হাজার টাকা) | | |

হোসনে আরা বেগম
নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, নারায়ণগঞ্জ।

মোহাম্মদ আব্দুল ইসলাম মিঞা
প্রশাসক
জেলা পরিষদ, নারায়ণগঞ্জ



CamScanner
CamScanner